



স্মারক: নোবিপ্রবি/মাইক্রোবায়োলজি/২০১৮/

৭৫০(৫)

তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০১৮

কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট ব্যবসায়ী/সরবরাহকারী/ ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মাইক্রোবায়োলজি বিভাগের ল্যাব এর জন্য ল্যাবরেটরি যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয় করা হবে। এ প্রেক্ষিতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যবসায়ী/সরবরাহকারী/ ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সরবরাহকৃত নির্ধারিত SQD (Standard Quotation Document) সংগ্রহ করে সংশ্লিষ্ট অংশ পূরণ সাপেক্ষে স্বাক্ষরসহ আগামী ১৩-০৯-২০১৮ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে বন্ধ খামে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি এবং প্রস্তুতকারক প্রতিষ্ঠানের গুণমানসহ উৎপাদক দেশের তথ্য যাচাই পূর্বক সর্বনিম্ন মূল্যায়িত দরদাতার অনুকূলে মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে এবং সরবরাহ কাজ সমাপ্তির পর প্রাতিষ্ঠানিক প্যাডে বিলের আবেদন করা হলে কমিটি কর্তৃক সন্তোষজনক বিবেচনায় সরকারী বিধি অনুযায়ী ভ্যাট ও অন্যান্য ফি কর্তন পূর্বক একাউন্ট পে-চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

উল্লেখ্য যে, সকল বিষয় বিস্তারিত জানতে যোগাযোগ করুন- মাইক্রোবায়োলজি বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

(বিঃদ্র:- পূরণকৃত ডকুমেন্টের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদির সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

১. ট্রেড লাইসেন্স সনদ
২. টি আইএন সনদ
৩. ভ্যাট রেজিস্ট্রেশন সনদ
৪. ফাইন্যান্সিয়াল সলভেন্সি সার্টিফিকেট

*Alauddin*  
04.09.18

ড. ফিরোজ আহমেদ  
সহযোগী অধ্যাপক

চেয়ারম্যান ও আহবায়ক RFQ কমিটি  
মাইক্রোবায়োলজি বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০১৮

স্মারক: নোবিপ্রবি/মাইক্রোবায়োলজি/২০১৮/

বিতরণ :

১. সংশ্লিষ্ট ব্যবসায়ী / সরবরাহকারী / ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ।

অনুলিপি:

০১. ডীন, বিজ্ঞান অনুষদ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
০২. রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
০৩. হিসাব পরিচালক, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
০৪. ~~জনসংযোগ কর্মকর্তা~~, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোটিশ বোর্ডে প্রচার করার অনুরোধসহ)
০৫. ~~পরিচালক~~, সাইবার সেন্টার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
০৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি
০৭. নথি

*Mohammad Saifuddin*  
১৩/০৯/১৮

সহকারী রেজিস্ট্রার

মাইক্রোবায়োলজি বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়